



সোনালী ব্যাংক পিএলসি

বিশ্বস্ত ও স্মার্ট

নং-এইচআরএমডি/ওএমডি/শাখা-৩/ নথি-২১৯০৭/২৭৩৫

তারিখঃ ১৫ এপ্রিল ২০২৪

জেনারেল ম্যানেজার
সোনালী ব্যাংক পিএলসি
জেনারেল ম্যানেজার'স অফিস
দিনাজপুর।

বিষয়ঃ Universiti Malaysia Pahang Abdullah (UMPSA) এর অধীনে Master of Science in Electrical And Electronic Engineering (গবেষণা) বিষয়ে মাস্টার্স প্রোগ্রামে ভর্তি, অধ্যয়ন ও পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্ত মালশিয়া গমনের অনুমতিসহ ০১ (এক) বৎসর (২৫৬ দিন পূর্ণ বেতনে ও ১০৯ দিন বিনা বেতনে) অধ্যয়ন ছুটি (বহিঃ বাংলাদেশ) মঞ্জুরঃ জনাব মোঃ মাহবুব আলম (জি-৪৪৯৮৭), সিনিয়ার অফিসার, সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস, দিনাজপুর।

মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের ০৫-০২-২০২৪ তারিখের ৪৫৩ সংখ্যক পত্রের সূত্র উল্লেখ্য।

সূত্রোক্ত পত্রে সংশ্লিষ্ট কর্মকর্তার আবেদন এবং আপনাদের সুপারিশের প্রেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষ তাকে Universiti Malaysia Pahang Abdullah (UMPSA) এর অধীনে Master of Science in Electrical And Electronic Engineering (গবেষণা) বিষয়ে মাস্টার্স প্রোগ্রামে ভর্তি, অধ্যয়ন ও পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্ত মালশিয়া গমনের অনুমতিসহ ০১ (এক) বৎসর (২৫৬ দিন পূর্ণ বেতনে ও ১০৯ দিন বিনা বেতনে) অধ্যয়ন ছুটি (বহিঃ বাংলাদেশ) মঞ্জুর করেছেন:-

- (১) অধ্যয়ন ছুটি শেষে দেশে ফিরে এসে নিরবিচ্ছিন্নভাবে ০৫ (পাঁচ) বছরের জন্য তিনি এই ব্যাংকে চাকরি করবেন মর্মে ৩০০/= টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করবেন ;
- (২) তার মনোনীত Guarantor-এর নিকট হতে এই মর্মে Guarantee Bond নিতে হবে যে, তিনি অনুমোদিত সময়কাল অতিবাহিত হওয়ার পূর্বে চাকরি হতে ইচ্ছা প্রদান করলে অথবা নির্ধারিত সময়ে দেশে প্রত্যাবর্তন না করলে বা অননুমোদিত অনুপস্থিত থাকলে অধ্যয়ন ছুটিকালীন সময়ের যাবতীয় বেতন-ভাতা এবং তদকর্তৃক গৃহীত ঋণ ও অগ্রীমসহ ব্যাংকের আনুষঙ্গিক পাওনা ফেরত দিতে বাধ্য থাকবেন;
- (৩) অনুমোদিত প্রোগ্রাম ও বিশ্ববিদ্যালয় কোন ভাবেই পরিবর্তন করা যাবে না;
- (৪) মালয়েশিয়া গমনের পর অনতিবিলম্বে মালয়েশিয়ান অবস্থানকালীন তার যোগাযোগের ঠিকানা (dgmhrmd@sonalibank.com.bd এবং sbl.hrmd3@sonalibank.com.bd) ই-মেইলের মাধ্যমে এ ডিভিশনকে অবহিত করতে হবে ;
- (৫) মালয়েশিয়ায় গমনের ০৭ (সাত) দিনের মধ্যে বাংলাদেশ দুতাবাসে রিপোর্ট করবেন;
- (৬) তিনি অধ্যয়ন শেষে দেশে প্রত্যাবর্তনের পর পরবর্তী কর্মদিবসে তার কর্মস্থলে যোগদান করবেন;
- (৭) তিনি কর্মস্থলে যোগদানের ০৭ (সাত) দিনের মধ্যে তার অর্জিত ডিগ্রির সনদ/ প্রমানক এ ডিভিশনে প্রেরণ করবেন;
- (৮) বিনা বেতনে মঞ্জুরিকৃত অসাধারণ ছুটিকাল বেতন বৃদ্ধি, গ্র্যাচুয়িটি, ছুটি প্রাপ্যতা এবং পদোন্নতির উদ্দেশ্যে গণনা করা হইবে না;
- (৯) প্রস্তাবিত ভ্রমণে যাতায়াত ভাড়াসহ যাবতীয় ব্যয়ভার সংশ্লিষ্ট কর্মকর্তা নিজস্ব উৎস হতে নির্বাহ করবেন, এতে ব্যাংক কিংবা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর কোন আর্থিক সংশ্লিষ্টতা থাকবে না;
- (১০) অধ্যয়নকালীন সময়ে তার প্রাপ্য বেতন/ভাতাদি ব্যাংক কর্তৃক বিধি মোতাবেক বাংলাদেশী মুদ্রায় প্রদত্ত হবে;
- (১১) অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় তিনি বিদেশে অবস্থান করতে পারবে না;
- (১২) উল্লেখিত ভ্রমণের মঞ্জুরিপত্রের মেয়াদ ইস্যুর তারিখ হতে ০৩ (তিন) মাস পর্যন্ত কার্যকর থাকবে।
- (১৩) উচ্চ শিক্ষা গ্রহণের লক্ষ্যে ছুটি ভোগের তারিখ হতে ০১ (এক) বৎসর (২৫৬ দিন পূর্ণ বেতনে ও ১০৯ দিন বিনা বেতনে) অধ্যয়ন ছুটি (বহিঃ বাংলাদেশ) প্রদান। কোর্সের মেয়াদ ০২ (দুই) বছর বিধায় প্রথম বছর অধ্যয়নের ফলাফল ও তার আবেদনের প্রেক্ষিতে পরবর্তী ০১ (এক) বছরের ছুটি মঞ্জুরির বিষয়টি বিবেচনাযোগ্য হবে।

এমতাবস্থায়, তদনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাকে জানানোর জন্য আপনাদের অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

(মাসুদ আহমেদ খান)

এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১. ডেপুটি জেনারেল ম্যানেজার, সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস, দিনাজপুর।
০২. ইমিগ্রেশন অফিসার, হজরত শাহজালাল (র:) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
০৩. জনাব মোঃ মাহবুব আলম (জি-৪৪৯৮৭), সোনালী ব্যাংক পিএলসি, প্রিন্সিপাল অফিস, দিনাজপুর।

এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিভিশন, অফিসার ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট (সেকশন-৩)
প্রধান কার্যালয়, ৩৫-৪২, ৪৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০; ফোন: ০২-২২৩৩৮৫৫২৯।
hrmd@sonalibank.com.bd sbl.hrmd3@sonalibank.com.bd

হটলাইন: ১৬৬৩৯

বিশ্বস্ত ও স্মার্ট

www.sonalibank.com.bd